বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-৩)- ৯০২৯২- জে, তারিখ: কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জেলা ও দায়রা জজ আদালত, নাটোর-এ কর্মরত "ড্রাইভার" জনাব মোঃ আশরাফুল ইসলাম রবিন-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র: জেলা ও দায়রা জজের কার্যালয়, নাটোর -এর গত ১৫.১০.২০২৬ খ্রি. তারিখের ডিজে/নাট/৩৩৮জি নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আশরাফুল ইসলাম রবিন জেলা ও দায়রা জজ আদালত, নাটোর -এ "ড্রাইভার" পদে কর্মরত আছেন। তিনি বিগত ২০২৪ সাল থেকে মেরুদন্ডের "C3-C7, L2-L5, S-1: Disc osteophytic complex causing moderate spinal stenosis with uncovertebral joint and facet hypertrophy causing left neural foraminal narrowing" রোগে আক্রান্ত। তিনি ইতোমধ্যে বাংলাদেশ এবং ভারতের ভেলোর ব্যাঙ্গালোর ও কলতকাতায় বিভিন্ন হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেছেন। বাঁচার তাগিতে সর্বশেষ তিনি বাংলাদেশের এভারকেয়ার হাসপাতালে একজন বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে গেলে তিনি তাকে পরীক্ষা করে জানান যে, তার মেরুদন্ডে দ্রুত সার্জারি করা প্রয়োজন যা বেশ সুক্ষ্ম ও জটিল হওয়ায় উচ্চ দক্ষতা সম্পন্ন চিকিৎসকের দ্বারা উন্নত প্রযুক্তি সম্পন্ন হাসপাতালে করাতে হবে, না হলে তার স্বাভাবিক কর্মক্ষমতা ফিরে না পাওয়ার বা চিরতরে পঙ্গুত্ব বরনের সমূহ সম্ভাবনা রয়েছে। তিনি আরো জানান যে, বাংলাদেশে এ ধরেণের অপারেশনের আনুমানিক খরচ ০৮ (আট) থেকে ১০ (দশ) লক্ষ টাকা হতে পারে। তিনি ২০১৮ সাল থেকে বিচার বিভাগে কর্মরত একজন নিম্ন বেতনভোগী কর্মচারী। তার পিতা মাতা কেহই জীবিত নাই। তার নিজের বা পৈত্রিক এমন কোন সম্পত্তি নেই যা বিক্রি করে তার চিকিৎসা খরচ মেটাবে। তার পরিবারের একমাত্র উপর্জনক্ষম ব্যক্তি এবং তার বেতনের আয়ে দুই নাবালক ছেলে মেয়ের পড়াশোনাসহ সাংসারিক যাবতীয় খরচ বহন করেন। ২০২৪ সাল থেকে চিকিৎসা করিয়ে এখন তিনি নিঃস্ব প্রায়। সার্জারির জন্য এতো টাকা সংগ্রহ করা তার পক্ষে সম্ভব নয়। ফলে তার জীবন রক্ষার স্বার্থে জরুরী ভিত্তিতে মানবিক বিবেচনায় দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট তার চিকিৎসার জন্য স্বেচ্ছায় আর্থিক সযোগীতা প্রদানের প্রার্থনা জানিয়েছেন।

২। এমতাবস্থায়, জেলা ও দায়রা জজ আদালত, নাটোর-এ কর্মরত "ড্রাইভার" জনাব মোঃ আশরাফুল ইসলাম রবিন-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:

মোঃ আশরাফুল ইসলাম রবিন
সঞ্চয়ী হিসাব নম্বর- ৪৯১১৪০১০০৮৭৭০
সোনালী ব্যাংক লিঃ, ফুলবাগান শাখা, নাটোর
মোবাইল নং-নগদ/বিকাশ-০১৭১৪-৮১৪২১৫

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-৩)-৯০২৯২- জে, তারিখ: কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,----------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ----------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ---------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------- ---------(সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত.....(সকল)।
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল.....(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------(সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------- (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------- (সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ... (সকল)।
১৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (অতিরিক্ত জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,..... (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল.....(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫০। অফিস কপি।

০৪.১১.২৬

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রি কার্যালয়
প্রাপ্তি নং 2768 তারিখ 28 OCT 2026
রেকর্ড রেজিস্টার
সহকারী রেজিস্ট্রার বিচার
রেজিস্ট্রার জেনারেল এর অনুমোদন
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে টিপিসহকে কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর- কার্যালয়, নাটোর
web-natore.judiciary.gov

স্মারক নং- ডিজে/নাট/৩৩৮জি

তারিখ- ৩০শে আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

29 OCT 2026

প্রেরক- সিনিয়র জেলা ও দায়রা জজ
নাটোর।

2768
২৯/১০/২৬

প্রাপক- মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয়- অত্র আদালতে কর্মরত গাড়ীচালক জনাব মোঃ আশরাফুল ইসলাম রবিন কর্তৃক চিকিৎসার জন্য আর্থিক সহায়তার প্রার্থনায় দাখিলকৃত আবেদনপত্র অগ্রগামীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, অত্র আদালতে কর্মরত গাড়ীচালক জনাব মোঃ আশরাফুল ইসলাম রবিন কর্তৃক দাখিলকৃত আর্থিক সহায়তা প্রার্থনা সংক্রান্ত আবেদনপত্র (সংযুক্ত কাগজাদিসহ) আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে অগ্রগামী করা হলো।

সংযুক্তি- আবেদনপত্রসহ- ০১(এক) সেট।

আপনার বিশ্বস্ত

(শেখ মোঃ নাসিরুল হক)
সিনিয়র জেলা ও দায়রা জজ
নাটোর।
[সার্ভিস আইডি নং ১৯৯৯১১৮০৬৯]
ফোন- ০২৫৮৮৮-৭৩৮৫০
ইমেইল-dj.natoire@bdcourts.gov.bd
তারিখ- ১৫.১০.২০২৬ খ্রি.

বরাবর- মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
মাধ্যম- মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
নাটোর
মাধ্যম- মাননীয় অতিরিক্ত জেলা জজ-১
নাটোর

বিষয়- মেরুদন্ডের জটিল রোগের ব্যয়বহুল চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রার্থনা প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন করছি যে, আমি নিম্ন-স্বাক্ষরকারী মাননীয় জেলা ও দায়রা জজ আদালত, নাটোর এর অধীনে মাননীয় অতিরিক্ত জেলা জজ-১ম আদালতে ড্রাইভার পদে কর্মরত আছি।

আমি ২০২৪ সাল থেকে মেরুদন্ডের "C3-C7, L2-L5, S-1: Disc osteophytic complex causing moderate spinal stenosis with uncovertebral joint and facet hypertrophy causing left neural foraminal narrowing" রোগে আক্রান্ত। আমি ইতোমধ্যে বাংলাদেশ এবং ভারতের ভেলোর, ব্যাঙ্গালোর ও কলকাতায় বিভিন্ন হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেছি। বাঁচার তাগিদে সর্বশেষ আমি বাংলাদেশের এভারকেয়ার হাসপাতালের একজন বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে গেলে তিনি আমাকে পরীক্ষা করে জানান যে, আমার মেরুদন্ডে দ্রুত সার্জারি করা প্রয়োজন যা বেশ সুক্ষ্ম ও জটিল হওয়ায় উচ্চ দক্ষতা সম্পন্ন চিকিৎসকের দ্বারা উন্নত প্রযুক্তি সম্পন্ন হাসপাতালে করাতে হবে, না হলে আমার স্বাভাবিক কর্মক্ষমতা ফিরে না পাওয়ার বা চিরতরে পঙ্গুত্ব বরণের সমূহ সম্ভাবনা রয়েছে। তিনি আরো জানান যে, বাংলাদেশে এ ধরনের অপারেশনের আনুমানিক খরচ ০৮ (আট) থেকে ১০ (দশ) লক্ষ টাকা হতে পারে।

আমি ২০১৮ সাল থেকে বিচার বিভাগে কর্মরত একজন নিম্ন বেতনভূক্ত গরীব কর্মচারী। আমার পিতা-মাতা কেহই জীবিত নাই। আমার নিজের বা পৈত্রিক এমন কোন সম্পত্তি নাই যা বিক্রি করে আমার চিকিৎসা খরচ মেটাবো। আমিই পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি এবং আমার বেতনের আয়ে দুই নাবালক ছেলে-মেয়ের পড়াশোনাসহ সাংসারিক যাবতীয় খরচ বহন করি। ২০২৪ সাল থেকে চিকিৎসা করিয়ে এখন আমি নিঃস্ব প্রায়। সার্জারির জন্য এতো টাকা সংগ্রহ করা আমার পক্ষে সম্ভব নয়। এমতাবস্থায়, আমার জীবন রক্ষার স্বার্থে জরুরী ভিত্তিতে বাংলাদেশের সকল মাননীয় বিচারকবৃন্দ এবং সম্মানিত বিচার বিভাগীয় কর্মচারীগণের নিকট আমাকে আর্থিক সহায়তা প্রদানের জন্য আকুল আবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, উল্লিখিত বিষয়টি সদয়ভাবে বিবেচনা করতঃ আমাকে জরুরি আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মহোদয়ের সদয় অনুগ্রহ হয়।

সংযুক্ত কাগজপত্রঃ
১। চিকিৎসার কাগজপত্র- ৫০ পাতা।

সাহায্য পাঠানোর জন্য ব্যাংক হিসাব নম্বরঃ
সঞ্চয়ী হিসাব নম্বর- ৪৯১১৪০১০০৮৭৭০
সোনালী ব্যাংক লিঃ, ফুলবাগান শাখা,
নগদ/বিকাশ নম্বর- ০১৭১৪৮১৪২১৫

নিবেদক-
আপনার একান্ত অনুগত
আশরাফুল ইসলাম রবিন
১৪/১০/২৫ইং
(মোঃ আশরাফুল ইসলাম রবিন)
ড্রাইভার
অতিরিক্ত জেলা জজ আদালত-১, নাটোর।